# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 JUNE 2025 7:45—7:55 PM IST**

==============================================================

(১) ও এন জি সি’র গ্যাস নির্গমনের ফলে ক্ষতিগ্রস্ত ৩৩২টি পরিবারকে মুখ্যমন্ত্রী সাহায্য পুঁজির থেকে ২৫ হাজার টাকা করে এককালীন সাহায্য ঘোষণা/

(২) কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরীর রুদ্রসাগর তেলক্ষেত্রে হওয়া গ্যাস নির্গমন রোধ সম্পর্কে আলোচনা/

(৩) ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত প্রবীণ আধিকারিক পবিত্ররাম খাউন্ড এবং প্রভাতী থাউসেনের আসাম লোকসেবা আয়োগের সদস্য হিসেবে শপথ গ্রহণ/

এবং

(৪) শ্রীভূমি শহরের কাছ থেকে আজ আট কোটি টাকা বাজারমূল্যের ৪০ হাজার নেশাযুক্ত ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত/

----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদ্বীপ সিং পুরী শিবসাগর জেলার রুদ্রসাগর তৈল ক্ষেত্রের অধীনে ১৪৭ নম্বর যন্ত্র থেকে গত কয়েকদিন থেকে বের হতে থাকা গ্যাস নির্গমন রোধ করার জন্য তেল ও প্রাকৃতিক গ্যাস নিগমের চালানো প্রচেষ্টার আজ খোজ নেন ।সামাজিক মাধ্যমের এক বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে তেল ও প্রাকৃতিক গ্যাস নিগমের বিভিন্ন কেন্দ্র থেকে বিশেষজ্ঞ লোকেদের আনা হয়েছে ও পরিস্থিতি নিয়ন্ত্রনের জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন পাম্প ব্যবহার করা হচ্ছে । তিনি বলেন যে অ এন জি সির আধিকারিকরা আর্ন্তজাতিক বিশেষজ্ঞদের সংগে নিরন্তর যোগাযোগ রেখে যাচ্ছেন ।অঞ্চলটিতে আগুন রোধ করা ও পরিবেশ শীতল করে

রাখার জন্য অহরহ পাম্পের মাধ্যমে জলের এক আবরণ সৃষ্টি করা হচ্ছে । গ্যাস নির্গমন যন্ত্রটির কাছে বসবাসরত লোকেদের স্থানান্তরিত করা হয়েছে ও তাদের সব ধরণের সাহায্য প্রদান করা হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গ্যাস নির্গমন স্থলে গতকাল রাতে উপস্থিত হয়ে আশ্রয় শিবিরে থাকা লোকেদের সংগে সাক্ষাৎ করেন । সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় মুখ্যমন্ত্রী তেলের যন্ত্রটি পরিচালোনা করা ব্যাক্তিগত ক্ষেত্রের এস কে পেট্র নামের প্রতিষ্ঠানটির বিরুদ্ধে তদন্ত করা হবে বলে জানান । রাজ্য সরকার এই বিষয়টিতে গুরুত্ব আরোপ করছে বলে উল্লেখ করে তিনি বলেন যে প্রয়োজন সাপেক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংগে ও এসম্পর্কে আলোচনা করা হবে ।তৈল প্রতিষ্ঠানটির অধ্যক্ষের সংগে ও মুখ্যমন্ত্রী আলোচনা করবেন বলে জানান ।

এদিকে গ্যাস নির্গমনের ফলে ক্ষতিগ্রস্ত ৩৩২ টি পরিবারকে মুখ্যমন্ত্রী সাহায্য তহবিল থেকে ২৫ হাজার টাকার এককালীক সাহায্য প্রদান করার কথা ও সংবাদিক সম্মেলনে ঘোষনা করেন । গ্যাস নির্গমন রোধ করার জন্য আমেরিকার একজন বিশেষজ্ঞকে আমন্ত্রন জানানো হয়েছে ।ও শীঘ্র এই সমস্যার সমাধান হবে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------

ডিব্রুগড়ের জনসাধারণের দীর্ঘদিনের দাবী পূরণ করে আগামী ২০ সেপ্টেম্বর ডিব্রুগড় থেকে গৌহাটী পর্যন্ত প্রভাতী বিমান সেবা আরম্ভ হবে । ঐদিন যোরহাট থেকে নতুনদিল্লী পর্যন্ত অন্য আরেকটি নতুন বিমান সেবা ও আরম্ভ হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আপার আসামের তিনটি জেলা ডিব্রুগড় , লখিমপুর ও শিবসাগর সফর শেষ করে ডিব্রুগড়ের মূখ্যমন্ত্রী সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।ইন্ডিগো বিমান সংস্থার সংগে অনুষ্ঠিত এক বৈঠকের পর এই সেবা প্রদান করা হবে বলে জানান ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ হরিয়ানার মানেসর’এ দেশের সর্ববৃহৎ গতিশীল মাল্টিমডেল কার্গো টার্মিনালের উদ্বোধন করেছেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী বৈষ্ণব বলেন যে- ৪৫ একর এলাকা জুড়ে নির্মিত এই কার্গো টার্মিনালে চার লক্ষ ৫০ হাজার যানবাহন রাখার ব্যবস্থা রয়েছে । তিনি বলেন- দেশে মোট ১০৮টি মাল্টি মডেল কার্গো টার্মিনাল সম্প্রতি প্রস্তুত হয়ে উঠেছে এবং শীঘ্রই এগুলি কর্মক্ষম হয়ে যাবে । তিনি আরো বলেন যে- সরকার ২০২১ সালে এই প্রক্রিয়া পরিবর্তনের জন্য গ্রহণ করা কয়েকটি সংস্কারমূলক ব্যবস্থার জন্যে কম সময়ের মধ্যে

এই সাফল্য লাভ করা সম্ভব হয়েছে । শ্রী বৈষ্ণব রেলসেবার উন্নীতকরণের পথে সরকারের গ্রহণ করা ব্যবস্থাবলীর উপর আলোকপাত করেন । তিনি বলেন যে- বিগত বছরটি ভারতীয় রেলওয়ের অতি গুরুত্বপূর্ণ ছিল, কারণ এই বছরে ৭২০ কোটি যাত্রী রেলে ভ্রমণ করেছেন এবং এক হাজার ৬০০ মিলিয়ন টনেরও বেশি সামগ্রী রেলের মাধ্যমে আনা-নেওয়া করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সেবা , সুশাসন ও দরিদ্র লোকেদের কল্যাণের ক্ষেত্রে গুরুত্ব দিয়ে দেশ পরিবর্তনের এক দশক সম্পূর্ন করেছে । সরকারের গত ১১ বছরে বিভিন্ন গুরুত্বপূর্ন ক্ষেত্রে গৃহীত পদক্ষেপের অংশ হিসেবে বিগত দশকে দেশের স্বাস্থ্য সেবা ব্যবস্থার আমূল পরিবর্তন হয়েছে । আয়ুষ্মান ভারতের মতো প্রকল্পগুলির মাধ্যমে প্রায় ৫৫ কোটি লোককে আর্থিক সুরক্ষা প্রদান করা হয়েছে । একইভাবে আয়ুষ্মান বয়ো বন্দনা প্রকল্পের অধীনে ৭০ বছর ও এর উর্দ্ধের সব প্রবীন নাগিকদের স্বাস্থ্য বীমার সুবিধা প্রদান করা হয়েছে ।আয়ুষ্মান ভারত ডিজিটেল মিশন স্বাস্থ্য সেবা ব্যবস্থাটির আধুনিকীকরণ করেছে ও ৭৮ কোটিরও বেশী আয়ুষ্মান ভারত স্বাস্থ্য একাউন্ট খোলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত প্রবীন আধিকারিক পবিত্র রাম খাউন্ড ও প্রভাতী থাউসেন আজ লোকসেবা আয়োগের সদস্য হিসেবে শপথ গ্রহণ করেছেন । আজ গৌহাটীর রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য তাদেরকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান ।

---------------------------------------------------------------------------------------

আসাম ও নাগাল্যান্ডের সীমা সমস্যা সমাধানের জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে । ও মহাকাশ প্রযুক্তি তথা উপগ্রহের প্রতিবিম্বের সহায়তায় এই সমস্যার শান্তিপূর্ন সমাধান করা হবে । কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি ও ভূবিজ্ঞান দপ্তরের প্রতিমন্ত্রী ড: জিতেন্দ্র সিং গতকাল নাগাল্যান্ডে একথা জানান । তিনি বলেন যে শীঘ্র এই সমস্যার সমাধান হোয়ার পথ প্রশস্ত হবে । দুদিনব্যাপী সফরসূচী নিয়ে নাগাল্যান্ডে আসা ড: সিং নাগাল্যান্ড সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চলের উন্নয়নের বিষয়ে আলোকপাত করে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি পুলিশের একটি দল আজ এই জেলার সাদারাশি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের গিরিশগঞ্জের থেকে শ্রীভূমি শহর অভিমুখে আসার সময় লক্ষ্মীবাজার সড়কে অভিযান চালিয়ে একটি মোটর সাইকেলের গোপন চেম্বার থেকে ৪০ হাজারটি নেশাযুক্ত ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । এই ঘটনায় জড়িত সন্দেহে একজনকে পুলিশ গ্রেপ্তার

করেছে । উদ্ধার হওয়া ট্যাবলেটগুলির বাজার মূল্য প্রায় আট কোটি টাকা হবে বলে পুলিশ সূত্রে জানা গেছে । পুলিশ অভিযুক্তর বিরুদ্ধে মামলা দায়ের করে জেরা অব্যাহত রেখেছে । এই বিষয়ে পুলিশের এক আধিকারিক নারায়ণ বরো জানিয়েছেন-

বাইট

-------

---------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্তের পক্ষ থেকে আজ জারি করা এক বিজ্ঞপ্তিতে জেলার সব সরকারি কার্যালয়ের প্রধানদের, তাদের নিজ নিজ কার্যালয়ের কাজকর্মে ইংরেজি ভাষার পাশাপাশি বাংলা ভাষার ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে । এই ব্যাপারে আসাম সরকারের অধীনের জেলার সব কার্যালয়ের প্রধানদের ইংরেজি ভাষার পাশাপাশি বাংলা ভাষায়ও সব সরকারি বিজ্ঞপ্তি, দপ্তরের স্মারক ইত্যাদি জারি করার অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছড়ের জেলা ম্যাজিস্ট্রেট মৃদুল কুমার যাদব ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী অঞ্চলে চোরাচালান ও বেআইনী কার্য্যকলাপ প্রতিরোধ এবং আইন-শৃংখলা পরিস্থিতি অটুট রাখতে , জেলার সীমান্তবর্তী অঞ্চলে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা-র ১৬৩ নম্বর ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা আরোপ করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় সূর্য্যাস্ত থেকে সূর্যদ্যোয় পর্য্যন্ত এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেহ চলাচলা ফেরা করতে পারবেন না । সুরমা নদীতে মাছ ধরার ক্ষেত্রে আগাম অনুমতি নিতে বলা হয়েছে । নিষেধাজ্ঞায় আরো বলা হয়েছে যে সূর্যাস্থ থেকে সূর্যদোয় পর্য্যন্ত সীমান্ত এলাকার পাঁচ কিলোমিটার এলাকা জুড়ে  চাল, চিনি , গম , ভোজ্য তেল , কেরোসিন , লবন নিয়ে পরিবহন করা যাবে না । কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না ।  আগামী দু মাস এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শিলচরের মহিলা কলেজ ও ভাবীকাল থিয়েটার গ্রুপের মধ্যে নাটকের প্রসারের জন্য আজ তিন বছরের চুক্তি সাক্ষর হয়েছে । চুক্তি সাক্ষর অনুষ্ঠানে মহিলা কলেজের অধ্যক্ষ ডক্টর সুজিত তেওয়ারী ও ভাবীকাল থিয়েটার গ্রুপের নির্দেশক শান্তুন পাল । চুক্তি অনুযায়ী মহিলা কলেজ নাটক প্রশিক্ষনের উপযূক্ত পরিকাঠামো ও আগ্রহী ছাত্রী দেবে । অন্য দিকে ভাবীকালের পক্ষ থেকে প্রশিক্ষন ও নির্দেশক প্রদান করা হবে ।

---

শিলচরের সামাজিক ও ক্রীড়া সংগঠন- খোঁজ'এর উদ্যোগে এবং সোনাই ফুটবল অ্যাকাদেমির পরিচালনায় দ্বিতীয় পরেশ চন্দ্র দত্ত ও জ্যোৎস্না দত্ত স্মৃতি ট্রফি প্রাইজমানি অনুর্দ্ধ-১৯ গ্রামীণ ফুটবল টুর্নামেন্ট সোনাইয়ের নিত্যগোপাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে শুরু হয়েছে । বিগত দশই জুন থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতায় ষোলটি দল অংশ নিয়েছে । আজ প্রতিযোগিতার প্রথম রাউন্ডের সপ্তম খেলায় বেরাবাক স্পোর্টিং ক্লাব টাইব্রেকারে দিদারখুশ-কে ৩-২ গোলে পরাজিত করেছে । প্রতিযোগিতার আগামীকালের খেলায় মসখল স্পোর্টিং ক্লাব এবং ঝাঞ্চরবালি দল পরস্পরের মুখোমুখি হচ্ছে ।

---

কাছাড়ের খাদ্য ,গণ বন্টন ও গ্রাহক সুরক্ষা বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জেলার পাইকারী ও খুচরো বাজারের নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মজুদ ও মূল্য সর্ম্পকে অবগত করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে চালের পাইকারী মূল্য ৩৩ শ থেকে ৩৫শ টাকা এবং খুচরো মূল্য ৩৮ থেকে ৪১ টাকা । জেলায় আরো দু লক্ষ ১৪ হাজার চালের ব্যাগ আসছে এবং জেলায় প্রায় ৫৪ দিনের চাল মজুদ রয়েছে । এদিকে মুশুর ডাল ,মুগ ডাল , অড়হর ডালের  প্রায় ২৪ থেকে ৩৯ দিনের পর্য্যাপ্ত মজুদ রয়েছে । এছাড়া অন্যান্য নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মধ্যে চিনির মজুদ ১৩ হাজার ব্যাগ এবং খুচরো বাজার মূল্য ৫১ থেকে ৫১ টাকা , পেঁয়াজ ২৬ থেকে ২৭ টাকা ধার্য্য করা হয়েছে । জেলায় লবনের মজুদ ৩০ হাজার ব্যাগ যা ৮৩ দিন চলতে পারে বলে জানানো হয়েছে ।

---